

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

বিদ'আতের প্রচলন (إنشاء البدعة في مكة)

মূর্তিপূজা সত্ত্বেও তারা ধারণা করত যে, তারা দ্বীনে ইবরাহীমের উপরে সঠিকভাবে কায়েম আছে। কেননা 'আমর বিন লুহাই তাদের বুঝিয়েছিলেন যে, এগুলি ইবরাহীমী দ্বীনের বিকৃতি নয়, বরং ভাল কিছুর সংযোজন বা 'বিদ'আতে হাসানাহ' মাত্র। এজন্য তিনি বেশকিছু ধর্মীয় রীতি-নীতি চালু করেছিলেন। যেমন-

- (১) তারা হজ্জের মওসুমে 'মুযদালিফায়' অবস্থান করত, যা ছিল হারাম এলাকার অভ্যন্তরে। হারামের বাইরে হওয়ার কারণে তারা আরাফাতের ময়দানে যেত না বা সেখান থেকে মক্কায় ফিরে আসা অর্থাৎ ত্বাওয়াফে এফায়হ করত না। যা ছিল হজ্জের সবচেয়ে বড় রুকন। তারা মুয়দালেফায় অবস্থান করত ও সেখান থেকে মক্কায় ফিরে আসত। সেজন্য আল্লাহ নির্দেশ দেন, فَا الْمَانِ مَنْ حَيْثُ أَوْيْضُواْ مِنْ حَيْثُ أَوْيْضُواْ مِنْ حَيْثُ أَوْيْضُواْ مِنْ حَيْثُ أَوْيْضُواْ مِنْ حَيْثُ المَانِ । তারা মুয়দালেফায় অবস্থান করত ও সেখান থেকে ফরে এসা ত্বাওয়াফের জন্য, য়েখান থেকে লোকেরা ফিরে আসে (অর্থাৎ আরাফাত থেকে) (বাক্কারাহ ২/১৯৯)।[1]
- (২) তারা নিজেরা ধর্মীয় বিধান রচনা করেছিল যে, বহিরাগত হাজীগণ মক্কায় এসে প্রথম ত্বাওয়াফের সময় তাদের পরিবেশিত ধর্মীয় পোষাক(ثَيَابُ الْحُمْسُ) পরিধান করবে। সম্ভবতঃ এটা তাদের অর্থনৈতিক স্বার্থদুষ্ট বিদ'আত ছিল। যদি কেউ (আর্থিক কারণে বা অন্য কারণে) তা সংগ্রহে ব্যর্থ হয়, তবে পুরুষেরা সম্পূর্ণ উলঙ্গ হয়ে এবং মেয়েরা সব কাপড় খুলে রেখে কেবল ছোউ একটা কাপড় পরে ত্বাওয়াফ করবে। এতে তাদের দেহ একপ্রকার নগ্গই থাকত। ইবনু আববাস (রাঃ) বলেন, পুরুষেরা দিনের বেলায় ও মেয়েরা রাতের বেলায় ত্বাওয়াফ করত। তাদের এ অন্যায় প্রথা বন্ধ করার জন্য আল্লাহ আয়াত নাযিল করেন, কুরু হুটি زِيْنَتَكُمْ عِنْدُ كُلٌ مَسْجِرٍ (ব্রোমার প্রবিধান কর'।[2]

তাদের কাছ থেকে 'হুস্প' পোষাক কিনতে বাধ্য করার জন্য তারা এ বিধানও করেছিল যে, যদি বহিরাগত কেউ উত্তম পোষাকে এসে ত্বাওয়াফ করে, তাহ'লে ত্বাওয়াফ শেষে তাদের ঐ পোষাক খুলে রেখে যেতে হবে। যার দ্বারা কেউ উপকৃত হ'ত না' (ইবনু হিশাম ১/২০২)।

(৩) তাদের বানানো আরেকটা বিদ'আতী রীতি ছিল এই যে, তারা এহরাম পরিহিত অবস্থায় স্ব স্ব বাড়ীর সম্মুখ দরজা দিয়ে প্রবেশ করবে। কিন্তু বাকী আরবরা সকলে স্ব স্ব বাড়ীর পিছন দিক দিয়ে গৃহে প্রবেশ করবে। সম্মুখ দরজা দিয়ে নয়। এভাবে তারা তাদের ধার্মিকতার গৌরব সারা আরবের ঘরে ঘরে ছড়িয়ে দিয়েছিল। এ প্রসঙ্গে আল্লাহ বলেন, وَلَيْسُ الْبِرُّ بِأَنْ تَأْتُواْ الْبُيُوْتَ مِنْ أَبُواْبِهَا, পিছনের দরজা দিয়ে গৃহে প্রবেশ করার মধ্যে কোন কল্যাণ নেই। বরং কল্যাণ রয়েছে তার জন্য যে আল্লাহকে ভয় করে। অতএব তোমরা গৃহে প্রবেশ কর সম্মুখ দরজা দিয়ে' (বাক্লারাহ ২/১৮৯)।[3]

উপরোক্ত আলোচনায় তৎকালীন আরবের ও বিশেষ করে মক্কাবাসীদের মধ্যে প্রচলিত শিরক ও বিদ'আত সমূহের একটা চিত্র পাওয়া গেল। যা তারা ইবরাহীম (আঃ)-এর একত্ববাদী দ্বীনে হানীফের মধ্যে ধর্মের নামে চালু



করেছিল। আর এটাই ছিল বড় জাহেলিয়াত এবং এজন্যেই এ যুগটিকে 'জাহেলী যুগ' طَائِيًا مُ الْجًاهِلِيَّةُ। বলা হয়েছে।

ফুটনোট

- [1]. বুখারী হা/১৬৬৫; মুসলিম হা/১২১৯-২০।
- [2]. আ'রাফ ৭/৩১; ইবনু কাছীর, তাফসীর উক্ত আয়াত।
- [3]. বুখারী হা/১৮০৩; কুরতুবী, ইবনু কাছীর, তাফসীর বাক্কারাহ ১৮৯ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5159

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন